

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নলডাঙ্গা, নাটোর  
[www.natore.naldanga.gov.bd](http://www.natore.naldanga.gov.bd)

নং ০৫.৪৩.৬৯৫৫.০০০.১১.০৪৮.১৭- ৩৫৫

তারিখ: ৩০ বৈশাখ, ১৪২৬  
১৩ মে, ২০১৯

নিলাম বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে নিম্ন বর্ণিত অফিসের পার্শ্বে উল্লেখিত সময়সূচি অনুযায়ী শ্রীশচন্দ্র বিদ্যানিকেতন এর ১টি কাঁঠাল এবং ২টি নারিকেল গাছসহ মোট ০৩টি গাছের প্রাক্কলিত মূল্য ৬,৮৬৮.৮৫/- (ছয় হাজার আটশত আটষট্টি টাকা পঁচাশি পয়সা) যা প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে।

আগ্রহী ব্যক্তিদের উক্ত নিলাম ডাকের সময়মত অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নিলামের স্থান	তারিখ	সময়	মন্তব্য
উপজেলা নির্বাহী অফিস, নলডাঙ্গা, নাটোর	২০/০৫/২০১৯ খ্রি.	সকাল ১১:০০ টায়	

শর্তাবলী:

১. নিলামে অংশ গ্রহণ করতে হলে ১০০০/- (এক হাজার) টাকা অগ্রিম জমা দিয়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে।
২. নিলাম কার্য সম্পাদনের পরই তাৎক্ষণিক সমস্ত টাকা জমা দিতে হবে এবং কার্যাদেশ পাওয়ার ১০(দশ) দিনের মধ্যে নিজ খরচে গাছগুলো অপসারণ করতে হবে।
৩. নিলাম কার্য সম্পাদনের পরে সম্পূর্ণ টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত হবে।
৪. নিলাম সর্বোচ্চ দর অবশ্যই প্রাক্কলিত দরের চেয়ে বেশি হতে হবে। অন্যথায় ডাক স্থগিত রাখা হবে এবং পুনরায় দিন ধার্য করা হবে।
৫. সর্বোচ্চ দর দাতাকে উদ্বৃত্ত দরের উপর বিধি মোতাবেক অনুযায়ী ১৫% ভ্যাট ও ৫% আয়কর সর্বোচ্চ মূল্যের সাথে জমা দিতে হবে।
৬. নিলাম কার্য সম্পাদনের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং প্রথম ডাকে অবশ্যই দিতে হবে অর্থাৎ পাশ দেয়া যাবেনা।
৭. যারা ডাক দিতে ইচ্ছুক তাদের অবশ্যই নিজ দায়িত্বে গাছগুলো দেখে আসতে হবে। পরবর্তীতে কোন অভিযোগ গ্রহণযোগ্য নহে।
৮. কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিলাম আদেশ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
(মোঃ ইয়াছিন আলী)

প্রধান শিক্ষক  
শ্রীশচন্দ্র বিদ্যানিকেতন

ও

সদস্য সচিব

উপজেলা সরকারি ও বেসরকারি শিক্ষা  
প্রতিষ্ঠানের গাছ কর্তন কমিটি  
নলডাঙ্গা, নাটোর।

ফোন নং ০১৭৩১-০৩৫৫৪৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, নাটোর
২. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি নিলাম কমিটি, নলডাঙ্গা, নাটোর।
৩. বিভাগীয় বন কর্মকর্তা, রাজশাহী।
৪. সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নাটোর।
৫. উপজেলা বন কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর।
৬. প্রধান শিক্ষক, শ্রীশচন্দ্র বিদ্যানিকেতন, নলডাঙ্গা, নাটোর।
৭. অফিস কপি।